

## গাইবান্ধায় ডিগ্রি পরীক্ষার বাংলা প্রশ্নপত্র ফাঁস

গাইবান্ধা প্রতিদিন

গতকাল গনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের  
অধীনে অনুষ্ঠিত ডিগ্রি (পাস ও  
সাবসিডিয়ারি) পরীক্ষার বাংলা বিষয়ের  
প্রশ্নপত্র অংশই ফাঁস হয়ে গেছে। গত  
গাইবান্ধা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

## গাইবান্ধা : প্রশ্নপত্র ফাঁস (১ম পৃষ্ঠার পর)

৩১-১২-৬৬ রাত্রে শহরের বিভিন্ন  
ফটোকোপির দোকানে ২৫০ টাকা থেকে  
৫০০ টাকায় হাতে লেখা প্রশ্নপত্র বিক্রি  
হতে দেখা গেছে। প্রশ্নপত্র দুটি অংশে  
বিভক্ত ছিল। একটি অংশে ৭৫ নম্বরের  
এবং অপর অংশে ২৫ নম্বরের প্রশ্ন ছিল।  
এই প্রশ্নপত্র দুটো সাংবাদিকদের হাতে  
এলে তারা তীব্রস্বভাবের গাইবান্ধার  
জেলা প্রশাসক আবদুস সব্বুরকে বিষয়টি  
অবহিত করেন। তিনি সাংবাদিকদের  
জ্ঞানান, প্রশ্নপত্র ফাঁসের কোন সুযোগ  
নেই। তবে তিনি বিষয়টি জানিয়ে জেলার  
সব উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সতর্ক  
করে দেন। এদিকে গতকাল পরীক্ষার্থীদের  
জানা বাংলা বিষয়ে যে প্রশ্নপত্র দেয়া হয়  
তার সঙ্গে অংশের দিন ফাঁস হওয়া প্রশ্নের  
দ্রব্দ মিল রয়েছে বলে জানা গেছে। এ  
ব্যাপারে অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক)  
মোঃ জাহাঙ্গীর আলমের সঙ্গে যোগাযোগ  
করা হলে তিনি জ্ঞানান, প্রশ্নপত্র ফাঁসের  
বিষয়টি তিনি খনেছেন। তবে জাতীয়  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে তা অবহিত করা  
হয়নি। ডিগ্রি পরীক্ষার প্রথম দিনের  
ইংরেজি বিষয়ের প্রশ্নপত্রও ফাঁস হয়েছে  
বলে অভিযোগ রয়েছে।